সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৭৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২৫. জুমুআর জন্য পরিধেয় বস্ত্র সম্পর্কে।

باب اللُّبْسِ لِلْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، رَأَى حُلَّةً سِيَرَاءَ ـ يَعْنِي تُبَاعُ عِنْدَ بَابِ الْمَسْجِدِ ـ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ لَوِ اشْتَرَيْتَ هَذِهِ فَلَبِسْتَهَا يَوْمَ الْجُمُعَةِ وَلِلْوَفْدِ إِذَا قَدِمُوا عَلَيْكَ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّمَا يَلْبَسُ هَذِهِ مَنْ لاَ خَلاَقَ لَهُ فِي الآخِرَةِ " . ثُمَّ جَاءَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم مِنْهَا حُلَلٌ فَأَعْطَى عُمَرَ بْنَ الْخَطَّابِ مِنْهَا حُلَّةً فَقَالَ عُمَرُ كَسَوْتَنِيهَا يَا رَسُولَ اللَّهِ وَقَدْ قُلْتَ فِي حُلَّةِ عُطَارِدَ مَا قُلْتَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنِّي لَمْ أَكْسُكَهَا لِتَلْبَسَهَا " . فَكَسَاهَا عُمَرُ أَخًا لَهُ مُشْرِكًا بِمَكَّةَ .

বাংলা

১০৭৬. আল-কানবী (রহঃ) .... আব্দুল্লাহ ইবনে উমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা উমর ইবনুল খাত্তাব (রাঃ) মসজিদের দরজার সামনে স্বর্ণখচিত রেশমী কাপড় বিক্রয় হতে দেখে বলেন, ইয়া রাসুলাল্লাহ! যদি আপনি এই কাপড় খরিদ করতেন, তবে এর তৈরী জামা জুমার দিনে এবং বহিরাগত প্রতিনিধিগণ যখন আপনার খিদমতে উপস্থিত হয় তখন পরিধান করতে পারতেন। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এটা তো ঐ ব্যক্তি পরিধান করতে পারে যার আখিরাতে কোন অংশ নেই। অতঃপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে ঐ জাতীয় কিছু কাপড় হাদিয়া স্বরূপ এলে তিনি তা থেকে উমর (রাঃ)-কে একটি নকশীদার চাদর দান করেন। তখন উমর (রাঃ) বলেন, ইয়া রাসুলাল্লাহ! এটা আপনি আমাকে পরিধানের জন্য দিয়েছেন, কিন্তু ইতিপূর্বে আপনি উতারাদের রেশমী কাপড় ব্যবহার করতে নিষেধ করেছেন। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি এটা তোমার পরিধানের জন্য দেইনি। অতপর উমর (রাঃ) কাপড়টি মক্কায় তার এক অমুসলিম দুধভাইকে দান করেন। (বুখারী, মুসলিম, নাসাঈ)

English

‘Abd Allah b. ‘Umar said:
‘Umar b. al-Khattab saw a silken suit sold at the gate of the mosque. He said: Messenger of Allah, would that you purchase this suit and wear it on Friday and on the occasion when a delegation (from the outside) comes to you. The Messenger of Allah (ﷺ) said: One who has no share in the afterlife will put on this (suit). Afterwards suits of similar nature were brought to the Messenger of Allah (ﷺ). He gave ‘Umar b. al-Khattab one of these suits. ‘Umar said: Messenger of Allah, you are giving it to me for use while you had told me such-and-such about the suit of ‘Utarid (I.e. sold by ‘Utarid). The Messenger of Allah (ﷺ) said: I did not give it to you that you should wear it. Hence ‘Umar gave it to his brother who was a disbeliever at Mecca for wearing.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=30698

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন